

বাংলাদেশের মণিপুরী কবিতা

ঐয্যট্টেহুংগুয়্যট্টা ঙ্গুট্টাগুয়্যট্টা ৩'৫'৩'৩ | বাংলাদেশী মণিপুরী শৈরেং

সম্পাদনা
এ কে শেরাম



বাংলাদেশে মণিপুরী বসতিস্থাপনের ইতিহাস প্রায় তিনশত বৎসরের হলেও বাংলাদেশে মণিপুরী সাহিত্যচর্চার আনুষ্ঠানিক সূত্রপাত মাত্র ১৯৭৫ সালে-‘বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ’ গঠন এবং সংসদের মুখপত্র হিসেবে মণিপুরী ও বাংলা ভাষার দ্বি-ভাষিক সাহিত্য সংকলন ‘দীপান্বিতা’ প্রকাশের মাধ্যমে। পরবর্তীতে এই ধারা বেগবান হয়েছে এবং ইতোমধ্যে মণিপুরী সাহিত্যের অনেক গ্রন্থ ও সংকলন প্রকাশিত হয়েছে।

‘বাংলাদেশকী মণিপুরী শৈরেং’/ ‘বাংলাদেশের মণিপুরী কবিতা’ শীর্ষক গ্রন্থটি প্রথম প্রকাশিত হয় বৈশাখ ১৩৯৭/ এপ্রিল ১৯৯০ সালে। ঐ গ্রন্থে বাংলাদেশের ১০ জন মণিপুরী কবির ২টি করে মণিপুরী কবিতা পাশাপাশি বাংলা অনুবাদসহ প্রকাশ করা হয়। ঐ গ্রন্থের ব্যাপক চাহিদার প্রেক্ষিতে এবং এর কপি সম্পূর্ণ নিঃশেষিত হয়েছে বিধায় এবার আমরা গ্রন্থটির দ্বিতীয় বর্ধিত সংস্করণ প্রকাশ করছি। এ পর্যায়ে আমরা বিদ্যমান দশজন কবির কবিতার সংখ্যা যেমন বৃদ্ধি করেছি, তেমনি নতুন ৭ জন কবিকেও অন্তর্ভুক্তপূর্বক প্রত্যেকের ৩/৪টি করে মণিপুরী কবিতা নির্বাচিত করে পাশাপাশি বাংলা অনুবাদসহ প্রকাশ করছি। এর মাধ্যমে বাংলাদেশের মণিপুরী কবিতার একটি চিত্র ও চারিত্র যেমন ফুটে উঠবে, তেমনি আগ্রহী পাঠকের জন্যে মূল মণিপুরী কবিতার স্বাদ উপলব্ধি করাও সম্ভব হবে। এই অমল প্রত্যাশা নিয়েই গ্রন্থটি তুলে দেওয়া হলো কবিতাপ্রেমী পাঠকদের হাতে।

ঔষট্ঠংস্ৰা ঙ্ৰাংস্ৰা ঙ্ৰাং
বাংলাদেশকী মণিপূরী শৈরেং
বাংলাদেশের মণিপূরী কবিতা

সম্পাদনা
এ কে শেরাম



ঐতিহাসিক কবিতা
বাংলাদেশী মণিপুরী শৈরেং
বাংলাদেশের মণিপুরী কবিতা
[অনীশুবা এডিশন/ দ্বিতীয় সংস্করণ]

১৯ মাঘ ১৪১৭
১ ফেব্রুয়ারি ২০১১

অফোঙবা/ প্রকাশক
বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ
তপোবন, লামাবাজার, সিলেট-৩১০০।

মখুম/ প্রচ্ছদ
এন যোগেশ্বর অপু

লাইরিক নম্বা/ মুদ্রাকর
উদয়ন অফসেট প্রেস, লামাবাজার পয়েন্ট
সিলেট। ০৮২১-৮১৬০৫৬

মমল/ মূল্য
লুপা/ টাকা : ১৫০/-

কংচবা

বাংলাদেশতা মণিপুরী সাহিত্যগী চংখোল্লাবা
লৈকোল অমা শেয়ানবা হোৎনবদা থরায়-হকচাং
য়াওনা হোৎনবিবিবা শক্লাইরবা ময়ামগী মফমদা

উৎসর্গ

বাংলাদেশে মণিপুরী সাহিত্যের এক বর্ণময়
মালধঃ রচনায় যাদের হিরন্ময় মেধা ও শ্রম
প্রযুক্ত হয়েছে সেইসব বরণ্য মানুষের উদ্দেশে

সূচি

থোংখাতাবম নবকিশোর শর্মা | ১২-১৫

এ কে শেরাম | ১৬-২৫

খোইরোম ইন্দ্রজিৎ | ২৬-৩১

কারাম নীলবাবু | ৩২-৩৭

শান্ত খুমন | ৩৮-৪১

খোইরোম কামিনী কুমার | ৪৪-৪৯

শেরাম শরৎ | ৫০-৫৭

এন শ্যামল | ৫৮-৬১

সনাতন হামোম | ৬২-৬৭

এল পদ্মামনি দেবী | ৬৮-৭৫

শেরাম নিরঞ্জন | ৭৬-৮১

ইমোদম রবিন | ৮২-৮৭

হামোম প্রমোদ | ৮৮-৯৩

মাইস্নাম রাজেশ | ৯৪-৯৭

মুতুম অপু | ৯৮-১০১

এন যোগেশ্বর অপু | ১০২-১০৭

নামব্রম শংকর | ১০৮-১১১

মণিপুরী শৈরেংগী খোঙচৎ

সাহিত্যগী খাইদগী লিরবা মশাদি শৈরেংগি। সাহিত্য খুদিংমক্লীসু অহানবা খোঙচৎ হৌবসি শৈরেংদগীনি। মণিপুরী সাহিত্যসু মদুগী রাং'মদা নত্তে। অখঙ-অহৈশিংগী মোততা, মণিপুরী সাহিত্যগী অহানবা খুদমসি-‘ঔগ্রী’নি, মখল'মগী শৈরেং-ঈশৈ, খৃষ্টকুম ৩৩দা পাখংবনা কংলাগী ফম্বাল তোংবা মতমদা নুমিৎপু খুরমদুনা ‘ঔগ্রী’ শকখি হায়না হায়নবা লৈ। কনা কনাগুমগী মোততা হায়রিবা ঔগ্রী অসি মাগী শক্তম অমসুং শিজিল্লবগী মওন্দা বেদগী স্তোত্রগা পান্দমিঙাইনি। মদুনা তাকপদি মণিপুরী শৈরেংগী পুসিরোন চহী লিশিং অনীরোমদি শুরবনি। তৌইগুমসুং কনা কনাগুমদি খৃষ্ট কুমজা অহুমশুবদগী অইবা মণিপুরী সাহিত্যগী শক্তম লৌবা হৌরে হায়না মোত পি়ি। খৃষ্টকুমজা নিপালদগী হৌদুনা তরা নত্রগা তরামাথোইশুবগী মনুঙদদি মণিপুরী সাহিত্য মপুঙ ফারবা সাহিত্য অমগী শক্তম লৌরক্লে। মতমদুদা মণিপুরী সাহিত্যগী লনগৈদা হাপচিনখি ময়েক লারবা পোৎথোক কয়াদং। খুদম ওইনা পনবা যাই- পোইরৈতোন খুনথোকপা, নুমিৎ কাপ্লা, পাত্হোইবী খোঙ্গুল, চৈথারোল কুম্বা, নিংথৌরোল লম্বুবা, চাদা লাইহুই, নিংথৌরোল শৈরেং, সানা লমওকনচিংবা সাহিত্যগী পোৎথোকশিং। মণিপুরী সাহিত্যগী ঈথক-ঈপোম নাইরবা অসিগুম্বা ঈচেল অসি খৃষ্টকুমজা তরাতরক নত্রগা তরাতরেৎফাউবা লেপ্লাইদনা চেস্থখি। মতমসিদা শক্তম লৌখি- হিজন হিরাও, নাউথিংখোং ফম্বাল কাবা, খোংজোংনুবী নোঙ্গারোন, চায়নারোল, চোথে থাংরাই পাখংবা, নোংশামৈ, সমসোক ওম্বা, চিংখংখোম্বা গঙ্গা চৎপনচিংবা শিংথানবা য়া বা লাইরিক কয়া। অদুবু তরানিপাল অমসুং তরামাপলশুবা কুমজাদা মণিপুরী সাহিত্যগী ঈচেলদা তপথবা অমসুং ময়েং তাথরকপা মওং অমদি ঐখোয়না উবা ফংঙি। বাংলাদগী লাকপা বৈষ্ণব ধর্মনা মণিপুরগী মরু ওইবা লাইনীং লিচৎ ওইরকুবদা নাৎকী য়েনবা অমসুং মৈতৈ ময়েকপু বাংলা ময়েকনা শিন্দোক্লে। মতমদা লোনগী চয়েৎনবা ফিবম অমা মণিপুরী পুসিদা লাকখি। অদুনা মতমসিদা মণিপুরী সাহিত্যগী লনগৈদা থোয়দোক্লে ময়েক লাবা অমসুং মশক নাইবা লনগী মখল হাপচিনবা ওইথোকখিদে।

খৃষ্টকুমজা তরামাপলশুবগী অরোয়বা শরুজা লাক্লেগা মণিপুরী সাহিত্যদা আধুনিকতাগী চপচাবী শক্লে ফাউরকখি। ধর্মনা মরম ওইদুনা বাংলা সাহিত্যগা য়ান্না নক্লেবা মরী অমা শাগৎলকপা অমসুং মদুগী মই ওইনা ফংলকপা অনৌবা রাখলগী অতিয়া অমসুং বাংলা সাহিত্যগী পাক্লেবা খোংজাউরোমদগী হুমজিলকপা মপাল বিশ্বগী মঙাল চাউরবা সাহিত্য কয়গী তথক্লেবা নুংশিংনা মণিপুরী সাহিত্যগী রাখল অমসুং শক্লেদা অনৌবা য়াওল অমা পুরকখি। মদুগী মথজা কুনশুবা কুমজাগী অহানবা শরুজা মালেম শিনথুংনা থোকখিবা লাঞ্জাও অনীগী কল্লেবা চৈথেংনা মণিপুরী জাতিগী

মণিপুরী কবিতার ধারা

সাহিত্যের সব শাখার মধ্যে কবিতা'ই প্রাচীনতম। যে কোনো সাহিত্যেরই পথচলা শুরু হয় কবিতার মাধ্যমে। মণিপুরী সাহিত্যও তার ব্যতিক্রম নয়। বিদগ্ধজনের মতে, মণিপুরী সাহিত্যের প্রাচীনতম নিদর্শন হলো-‘ঔগ্রী’, এক ধরণের গীতিকবিতা, যা ৩৩ খ্রীষ্টাব্দে মণিপুররাজ পাখংবা-র সিংহাসনারোহণকালে সূর্য দেবতার উদ্দেশে নিবেদিত হয়েছিলো বলে ইতিহাসে উল্লেখ মেলে। কেউ কেউ মনে করেন এই গীতিকবিতাগুলো আঙ্গিক বৈশিষ্ট্যে এবং ব্যবহারিক মূল্যের বিচারে কেবলমাত্র বৈদিক স্তোত্রের সাথেই তুলনীয়। সেই হিসেবে মণিপুরী কবিতার বয়ঃক্রম প্রায় দুই হাজার বৎসরের। তবে, অনেকের মতে, মণিপুরী সাহিত্যের দিগ্বলয়ে লেখ্য রূপের অভ্যুদয় ঘটে তৃতীয় শতাব্দী থেকে। অষ্টম থেকে শুরু করে দশম বা একাদশ শতাব্দীতে এসে মণিপুরী ভাষা এক সাহিত্যিক ঋদ্ধি অর্জন করে। ঐ সময়কালেই মণিপুরী সাহিত্যের ভাণ্ডারে যুক্ত হয় অনেক উজ্জ্বল সৃষ্টির সম্ভার। এ প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে পোইরৈতোন খুনথোকপা, নুমিং কাপ্লা, পাছোইবী খোসুল, চৈথারোল কুম্বা, নিংখোরোল লম্বুবা, চাদা লাইহুই, নিংখোরোল শৈরেং, সানা লমওক প্রভৃতি গ্রন্থের কথা। মণিপুরী সাহিত্যের এই বিভাস্বিত স্রোতোধারা বহমান থাকে খ্রীষ্টীয় ষোড়শ বা সপ্তদশ শতাব্দী পর্যন্ত। এই কালপর্যায়ের রচিত হয় হিজন হিরাও, নাউথিংখোং ফম্বাল কাবা, খোংজোংনুবী নোঙ্গারোন, চায়নারোল, চোথে থাংওয়াই পাখংবা, নোংশামে, সমসোক ওম্বা, চিংখংখোম্বা গঙ্গা চংপাসহ উল্লেখযোগ্য অনেক সাহিত্যসৃষ্টি। তবে অষ্টাদশ বা ঊনবিংশ শতাব্দীর দিকে এসে মণিপুরী সাহিত্যের সৃজন-স্বপ্ন কিছুটা স্থবির হয়ে পড়ে। বাংলা অঞ্চল থেকে আসা বৈষ্ণব ধর্ম মণিপুরের প্রধান ধর্মের রূপ পরিগ্রহ করার প্রেক্ষিতে সৃষ্ট সংস্কৃতির সংঘাত এবং বাংলা লিপি কর্তৃক মণিপুরী লিপির স্থান গ্রহণ করার কারণে সূচিত ভাষাগত জটিলতা মণিপুরী জীবনে নিয়ে আসে অস্থিরতার এক করাল ছায়া। ফলে এই সময়কালে মণিপুরী সাহিত্যের গৌরবের ভাণ্ডারে যুক্ত হয়নি তেমন উল্লেখযোগ্য সৃষ্টির সম্ভার।

ঊনবিংশ শতাব্দীর শেষ পাদে এসে মণিপুরী সাহিত্যে সূচিত হয় প্রকৃত আধুনিকতা। ধর্মীয় সূত্র ধরে বাংলা সাহিত্যের ঘনিষ্ঠ সান্নিধ্যলাভ ও সেখান থেকে পাওয়া চেতনার নতুন দিগন্ত এবং বাংলা সাহিত্যের উনুক্ত দরোজা দিয়ে প্রবেশ করা বিশ্ব সাহিত্যের প্রগলভ বাতাস মণিপুরী সাহিত্যের উনুখ উপত্যকায় নিয়ে আসে পরিবর্তনের নতুন হাওয়া। তার উপর বিংশ শতাব্দীতে সংঘটিত দু’দুটো বিশ্বযুদ্ধের প্রভাবে মণিপুরী মন ও মানসে সূচিত হয় বিপুল পরিবর্তন। পরিবর্তনের এই প্রভাব পড়ে মণিপুরী সাহিত্যের উপরও। চাউবা-কমল-অঙাংহল হলেন মণিপুরী সাহিত্যের

বাংলাদেশের মণিপুরী কবিতা | ০৭

বাংলাদেশী লায়মদা অঙ্কপা ফংবা অহোংবা অমদি পুরকথি । অহোংবা অসিগী মমি তঙাইফদনা তাখি মণিপূরী সাহিত্যগী মথক্তসু । চাউবা-কমল-অঙাংহলনা হায়রিবা অনৌবা অহোংবসিগী লময়ানবনি । আধুনিক যুগ অসি হৌরকপা মতমগী অতৈ শিংথাবা য়াবা কবি-সাহিত্যিকশিংদি- হরাইবম নবদ্বীপচন্দ্র, অরামম দরেন্দ্রজিৎ, অশাংবম মীনকেতন, হিজম ইরাবত, রাজকুমার শীতলজিৎ, শঞ্জনবম নদীয়ানচিংবনি । মতমসিগী য়াম্মা শিংথানরিবা লাইরিকশিংদি- লমাবম কমলগী উপন্যাস 'মাধবী', খুইরাকপম চাউবগী শৈরেং-লাইরিক 'থায়নগী লৈরাং', ইতিহাসতা যুফম ওইবা উপন্যাস 'লবঙ্গলতা', রাজকুমার শীতলজিৎকী বারীমচাগী লাইরিক 'লৈকোনুংদা' অমসুং হিজম অঙাংহলগী শৈরেং 'শীংঙেন ইন্দু', নাটক 'ইবেম্মা'নচিংবনি । অদুগা মতমসিগী থোয়দোক্লা শিংথানরিবা পোংথোক অমনা খাম্মা-থোইবীগী মুৎনাইদ্রবা নুংশি-বারীদা যুফম ওইদুনা লেংবা মৈতৈ সাহিত্যগী অমত্তা ওইবা মহাকাব্য 'খাম্মা-থোইবী শৈরেং'নি । মখোয়গী মতিকচাবা তুংইনবা খোঙমী ওইরকথি সমরেন্দ্র, নীলকান্ত, বিনোদিনী, জি সি তোংবা, এলাংবম রজনীকান্ত, হিজম গুনো, খুম্বেম প্রকাশ, শ্রীবীরেন, কুঞ্জমোহন, খৈরুন্দীনচিংবা মৈতৈ সাহিত্যগী মখোঙ শোম্মা মালিশিং । মখোয়গী খুংইদগী চোংথোরকথি মৈতৈ সাহিত্য লৈকোলগী মখল মচুগী নিংথিজরবা লৈরাং লৈশক কয়া কয়া । খৃষ্টকুম ১৯৭২দা ভারতকী সাহিত্য একাডেমীনা শক খঙবীবগী মতুঙ ইন্না ১৯৭৩ খৃষ্টাব্দদগী একাডেমীনা মণিপূরী লোনগী কবি-সাহিত্যিকার কয়াদংবু একাডেমী এওয়ার্ড পীদুনা ইকাইখুম্মবা হৌরকথি । ওসি ফাউবদা মণিপূরী লোনগী অইবা ৩৬বু মখোয়গী অথোইবা সাহিত্য পোংথোককীদমক একাডেমী এওয়ার্ড পীদুনা ইকাইখুম্মবনি । খৃষ্টকুম' ১৯৯২দা মণিপূরী লোনবুসু ভারত সরকারনা অপূষা ভারতকী ওইবা লোন অমনি হায়না সংবিধানদা চনশিনবিখি ।

বাংলাদেশতা মণিপূরী খুন্দাবগী চহীরোন চাউরাক্লা চম্মলোম শুরবসু বাংলাদেশতা মণিপূরী সাহিত্যগী শক্তম লাংবা হেক হৌবসিদি খৃষ্টকুম ১৯৭৫দগীনি-বাংলাদেশ মণিপূরী সাহিত্য সংসদ লিঞ্জৎপা অমসুং সংসদকী চেফোঙ ওইনা মণিপূরী অমসুং বাংলাদা লোন অনীগী সাহিত্যগী চেফোঙ 'দীপান্বিতা' ফোঙবা হৌবদগীনি । দীপান্বিতাগী মঙালদা ইরোয়নদুনা শক্তম লৌরকথি সাহিত্যগী চেফোঙ কয়াদং-লিঞ্জৎলকথি অনৌ-অনৌবা সংস্থান কয়া কয়া অমসুং ইচং খৌনা চোংথোরকথি মতীক চারবা সাহিত্যকর্মী কয়াদং । মতমসিদা ফোঙনরকপা চেফোঙশিংগী মনুঙদা মিৎকপথোকপা/ইথিল, ইপোম, খোল্লাও, খোঙথাং, খোঙ্গুল লীবা, শজিবু অসিনচিংবা থোয়দোক্লা শিংথানিঙাইনি । অদুবু লাইবকথীবদি, অয়াম্মা চেফোঙশিং পুসি তুংশাংনখিদে । দীপান্বিতা, কোন্না 'মৈরা' মিৎথোন লৌদুনা, ওসিফাউবদা চাং নাইনা ফোঙদুনা চংলি । হৌজিকফাউবদা ফোঙবা মৈরাগী চেফোঙ মশীং ৪৩ শুরে । মৈরা ফোঙবতা নত্তনা বাংলাদেশ মণিপূরী সাহিত্য সংসদনা খৃষ্টকুম ১৯৮২দা ফোঙি বাংলাদেশকী অহানবা মণিপূরী লাইরিক ওইনা এ কে শেরামগী মণিপূরী শৈরেংগী লাইরিক 'বসন্ত কুল্লিপালগী লৈরাং' । মথংদা অতৈ অইবা কয়াগীসু লাইরিক কয়াদং ফোঙথে । শৈরেং-বারেং-বারীমচা পূন্না ওসিফাউবদা ফোঙবা মণিপূরী সাহিত্যগী লাইরিক ২২দি শুরে । হৌজিক ফাউবদা মণিপূরী লোনদা লন্বাইগী লাইরিক ফোঙদুনা মশাগী শক্তম অমা লেপ্পা ওম্মবা অইবশিংদি- এ কে শেরাম, খোইরোম ইন্দ্রজিত,

এই নতুন ধারার পথিকৃৎ । আধুনিক যুগের এই উন্মোচকালের আরো উল্লেখযোগ্য কবি-সাহিত্যিকেরা হলেন- হওয়াইবম নবদ্বীপচন্দ্র, অরাম্মম দরেন্দ্রজিৎ, অশাবম মীনকেতন, হিজম ইরাবত, রাজকুমার শীতলজিৎ, শঞ্জেনবম নদীয়া প্রমুখ । এই সময়ের উল্লেখযোগ্য সাহিত্যসৃষ্টি হলো- লমাবম কমলের উপন্যাস 'মাদবী', খাইরকপম চাউবার কাব্যগ্রন্থ 'থায়নগী লৈরাং', আর ইতিহাসআশ্রিত উপন্যাস 'লবঙ্গলতা', রাজকুমার শীতলজিতের ছোটগল্পের বই 'লৈকোনুংদা' এবং হিজম অঙাংহল-এর কাব্যগ্রন্থ 'শীংঙেন ইন্দু' ও নাটক 'ইবেম্মা' । এছাড়া এই সময়কালে সৃষ্ট মণিপুরী সাহিত্যের একটি উল্লেখযোগ্য অবদান হলো উনচল্লিশ হাজার পদ সম্বলিত খাম্বা-থোইবীর অমর প্রেমের উপর ভিত্তি করে রচিত মহাকাব্য 'খাম্বা-থোইবী শৈরেং' । তাদের সুযোগ্য উত্তরসূরী হিসেবে এগিয়ে আসেন সমরেন্দ্র, নীলকান্ত, বিনোদিনী, জি সি তোত্রা, এলাংবম রজনীকান্ত, হিজম গুলো, খুম্ভেম প্রকাশ, শ্রীবীরেন, কুঞ্জমোহন, খৈরুদ্দীন প্রমুখ । এদের উজ্জ্বল মেধা ও মননের আলোকসম্পাতে মণিপুরী সাহিত্যের প্রাণময় প্রাঙ্গণ ভরে ওঠে বহুবর্ণা পুষ্পের সম্ভারে । ১৯৭২ সালে মণিপুরী ভাষা ভারতের সাহিত্য একাডেমী কর্তৃক স্বীকৃতি লাভের পর ১৯৭৩ সাল থেকে শুরু হয় মণিপুরী কবি-সাহিত্যিকদের একাডেমী এওয়ার্ড দিয়ে সম্মানিত করার পালা । এযাবত ৩৬ জন মণিপুরী কবি-লেখক তাদের উল্লেখযোগ্য সৃষ্টিকর্মের জন্যে একাডেমী এওয়ার্ড পেয়েছেন । ১৯৯২ সালে সংবিধানের অষ্টম তপশীলে অন্তর্ভুক্তির মাধ্যমে মণিপুরী ভাষা এখন ভারতের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃত ।

বাংলাদেশে মণিপুরী বসতিস্থাপনের ইতিহাস প্রায় তিনশত বৎসরের হলেও বাংলাদেশে মণিপুরী সাহিত্যচর্চার আনুষ্ঠানিক সূত্রপাত মাত্র ১৯৭৫ সালে- 'বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ' গঠন এবং সংসদের মুখপত্র হিসেবে মণিপুরী ও বাংলা ভাষার দ্বি-ভাষিক সাহিত্য সংকলন 'দীপান্বিতা' প্রকাশের মাধ্যমে । দীপান্বিতার আলোয় আলোকিত হয়ে জন্ম নেয় অনেক সাহিত্য সংকলন-প্রতিষ্ঠিত হয় নতুন নতুন সাহিত্য সংগঠন এবং বেরিয়ে আসে প্রতিশ্রুতিশীল অনেক সাহিত্যিকর্মী । প্রকাশিত সাহিত্য সংকলনগুলোর মধ্যে মিংকপথোকপা/ইথিল, ইপোম, খোল্লাও, খোঙথাং, খোসুল লীবা, শজিবু ইত্যাদির নাম উল্লেখযোগ্য । তবে অধিকাংশ প্রকাশনাই তার ধারাবাহিকতা রক্ষায় ব্যর্থ হয় । দীপান্বিতা, পরিবর্তিত নাম 'মৈরা' গ্রহণ করে আজও তার প্রকাশনা অব্যাহত রেখেছে । এ-পর্যন্ত মৈরা-র ৪৩টি সংখ্যা প্রকাশিত হয়েছে । মৈরা প্রকাশনা ছাড়াও বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ ১৯৮২ সালে প্রকাশ করে বাংলাদেশের প্রথম মণিপুরী গ্রন্থ হিসেবে এ কে শেরামের মণিপুরী কাব্যগ্রন্থ 'বসন্ত কুল্লিপালগী লৈরাং' (আটাশ বসন্তের ফুল) । পরবর্তীতে আরো অনেকের অনেক গ্রন্থ প্রকাশিত হয়েছে । মণিপুরী কবিতা-গল্প-প্রবন্ধ মিলিয়ে এযাবত প্রকাশিত মণিপুরী গ্রন্থের সংখ্যা ২২টি । যারা ইতোমধ্যে স্বকীয় গ্রন্থ প্রকাশের মাধ্যমে বাংলাদেশে মণিপুরী সাহিত্যচর্চার ক্ষেত্রে নিজস্ব একটি অবস্থান সৃষ্টিতে সমর্থ হয়েছেন, তারা হলেন— এ কে শেরাম, খোইরোম ইন্দ্রজিত, সনাতন হামোম, শেরাম নিরঞ্জন, হামোম প্রমোদ, ই রবিন, মাইস্নাম রাজেশ ও মুতুম অপু । আবার অনেকেই কোনো গ্রন্থ প্রকাশিত না হলেও বাংলাদেশের মণিপুরী সাহিত্যের বেদীমূলে নিয়মিত উপহার দিচ্ছেন সুরভিত পুষ্পের অর্ঘ্য । তাদের মধ্যে কারাম নীলবাবু, এল. পদ্মামনি দেবী, খোইরোম কামিনীকুমার,

সনাতন হামোম, শেরাম নিরঞ্জন, হামোম প্রমোদ, ই. রবিন, মাইনাম রাজেশ অমসুং মৃতুম অপুনি। অদুগা লনাইগী লাইরিক ফোঙদবসু ফোঙবদা মতীক চারবা শিংথাবা যাবা কবি-সাহিত্যকার কয়াদংসু বাংলাগী মণিপুরী সাহিত্য লৈকোলদা লৈরাংগী লৈকৎ তন্নি। মখোয়গী মনুঙদা কারাম নীলবাবু, এল. পদ্মামনি দেবী, খোইরোম কামিনীকুমার, শান্ত খুম্ন, এন. যোগেশ্বর অপু, নামব্রম শংকরনচিংবগী মিং পল্লিঙাইনি। অতৈ নহারোল আইবা কয়াসু প্রতিভাগী মঙাল শন্দোক্তনা চঙশিল্লকই বাংলাদেশকী মণিপুরী সাহিত্যগী মচু নাইরবা লৈকোলদা। বাংলাদেশকী মণিপুরী আইবশিংগী মনুঙদা কয়া'মনা মমালোনগা লোয়ননা বাংলা লোনদসু সাহিত্যগী থৌগল চঙলি। বাংলা লোনদা ফোঙলবা মখোয়গী অসিগুম্বা শৈরেং-বারেংগী লাইরিক ১৩দি শুরে।

'বাংলাদেশকী মণিপুরী শৈরেং'/ 'বাংলাদেশের মণিপুরী কবিতা' হায়বা লাইরিকসি অহানবা ফোঙবসি খৃষ্টকুম ১৯৯০ গী এপ্রিলদনি। লাইরিকতুদা বাংলাদেশকী মণিপুরী কবি ১০গী মণিপুরী শৈরেং অনী/অনী তৌনা খঙ্গৎতুনা বাংলা অনুবাদকা কোল্লা ফোঙখি। মদুদা যাউখিবা কবি তরাদি- থোংখাতাবম নবকিশোর শর্মা, এ কে শেরাম, খোইরোম ইন্দ্রজিত, কারাম নীলবাবু, শান্ত খুম্ন, খোইরোম কামিনী কুমার, শেরাম শরৎ, এন. শ্যামল, সনাতন হামোম অমসুং এল. পদ্মামনি দেবীনি। লাইরিকতু ময়ান্না যান্না পান্নখিবা অমসুং হৌজিক মদুগী কোপী অমত্তা লৈনদবনা মরম ওইদুনা হন্দক ঐখোয়না লাইরিকসি খরা চাউথোক্কা অনীশুবা এডিশন ওইনা পুথোক্কে হায়না থৌরাংলি। অদুনা হৌজিক হৌজিক যাউরিবা কবি তরাগী অনৌবা শৈরেং খরা হাপচিনবগা লোয়ননা ঐখোয়না অনৌবা কবি ৭কী মণিপুরী শৈরেং ৩/৪ তৌনা খঙ্গৎলগা বাংলা অনুবাদকা কোল্লা ফোঙননবা হোৎনজরি। মসিনা বাংলাদেশকী মণিপুরী শৈরেংগী শক্তম অমা অমসুং মহাউ অমদি পীবা গুমগনি হায়না থাজে। মসিগী থাজবসিগা লোয়ননা লাইরিক অসি পূকচেলচাউবা অপাবশিংগী মফমদা লাস্তোকচরি।

এ কে শেরাম

সভাপতি, বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ।

শান্ত খুমন, এন যোগেশ্বর অপু, নামব্রম শংকর প্রমুখের নাম উল্লেখযোগ্য। আরো অনেক নবীন লেখকও প্রতিভার অমল দ্যুতি ছড়িয়ে এগিয়ে আসছেন বাংলাদেশের মণিপুরী সাহিত্যের দিগ্বলয়ে। বাংলাদেশের মণিপুরী কবি-লেখকদের অনেকেই মাতৃভাষার পাশাপাশি বাংলায়ও সাহিত্যচর্চা করছেন। বাংলা ভাষায় প্রকাশিত তাদের এরকম কবিতা-গল্প-প্রবন্ধ মিলিয়ে গ্রন্থের সংখ্যা ১৩টি।

‘বাংলাদেশী মণিপুরী শৈরেং’/ ‘বাংলাদেশের মণিপুরী কবিতা’ শীর্ষক গ্রন্থটি প্রথম প্রকাশিত হয় বৈশাখ ১৩৯৭/ এপ্রিল ১৯৯০ সালে। ঐ গ্রন্থে বাংলাদেশের ১০ জন মণিপুরী কবির ২টি করে মণিপুরী কবিতা পাশাপাশি বাংলা অনুবাদসহ প্রকাশ করা হয়। যে দশজন কবির কবিতা সংকলিত হয়েছিলো তারা হলেন- খোংখাতাবম নবকিশোর শর্মা, এ কে শেরাম, খোইরোম ইন্দ্রজিত, কারাম নীলবাবু, শান্ত খুমন, খোইরোম কামিনী কুমার, শেরাম শরৎ, এন. শ্যামল, সনাতন হামোম ও এল. পদ্মামনি দেবী। ঐ গ্রন্থের ব্যাপক চাহিদার প্রেক্ষিতে এবং এর কপি সম্পূর্ণ নিঃশেষিত হয়েছে বিধায় এবার আমরা গ্রন্থটির দ্বিতীয় বর্ধিত সংস্করণ প্রকাশ করছি। এ পর্যায়ে আমরা বিদ্যমান দশজন কবির কবিতার সংখ্যা যেমন বৃদ্ধি করেছি, তেমনি নতুন ৭ জন কবিকেও অন্তর্ভুক্তপূর্বক প্রত্যেকের ৩/৪টি করে মণিপুরী কবিতা নির্বাচিত করে পাশাপাশি বাংলা অনুবাদসহ প্রকাশ করছি। এর মাধ্যমে বাংলাদেশের মণিপুরী কবিতার একটি চিত্র ও চারিত্র যেমন ফুটে উঠবে, তেমনি আগ্রহী পাঠকের জন্যে মূল মণিপুরী কবিতার স্বাদ উপলব্ধি করাও সম্ভব হবে। এই অমল প্রত্যাশা নিয়েই গ্রন্থটি তুলে দিলাম কবিতাপ্রেমী পাঠকদের হাতে।

এ কে শেরাম

সভাপতি, বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ।

থোংখাতাবম নবকিশোর শর্মা

থোংখাতাবম নবকিশোর শর্মা খৃষ্টকুম ১৮৭৯গী অক্টোবর থা-দা হবিগঞ্জ জেলাগী চুনাকুমাট উপজেলাগী মনুঙ চনবা বিশগাঁও খুঙ্গদা পোকথি । ১৯৩৭ খৃষ্টাব্দদা নবদ্বীপতগী ব্যাকরণ শাস্ত্রদা 'ন্যায়রত্ন' উপাধি ফংখি অমসুং পরীক্ষাদা থোইদোক্কা মায় পাকখিবগীদমক নবদ্বীপ বঙ্গবিবুধ জননীসভানা 'তরঙ্গিনী পদক' পিদ্দনা ইকাইখুম্খি । খৃষ্টকুম ১৯৫৭দগী ১৯৭৮ ফাউবা গাজিপুর হাই স্কুলগী হেড পণ্ডিত ওইনা থবক পুবিরম্মি । পুঙ্গিগী অহানবা শৈরেং ফোঙখিবসি খৃষ্টকুম ১৯৩৪দা মণিপুরগী ললিতমঞ্জরী পত্রিকাদনি । ভারত অমসুং বাংলাদেশতা ফোঙবা মৈতে চেফোঙশিংদা চাং নাইনা ইথি । খৃষ্টকুম ১৯৯১দা নবকিশোর শর্মা ঈশ্বরগী খুয়া তানথি ।

অহন অমগী পুখন

য়েংলু য়েংলুবদা ঐনা, ওয় য়েৎ'পুম্বা লোইনা
ঐগী'মক্তনি খলুম্মিদকো ।
ঐগী অমত্তা নত্তরে, আঃ!! পুম্মক লৈহৌরে
খলুবদা ওস্তোকপনিদকো ।।
নোংমা নোংমগী তত্তনা, নুমিং মশীং নোংলকপনা
পাঙ্গল লৌশিং রাংলক্কে ।
শাম্মে ঐগী নিংশিং ময়ি, তাররে অকাওময়ি
থম্মোয় অমম্বদা লুপ্পে ।।
ঐগী মিৎয়েং অথৌবা, যাদরে পোৎশক লাকপা
চৎখিবা খৌদোক মঙ ওইখ্বে ।
হল্লকখিনি খন্দরে, থম্মোয় পুবা যাদরে
থরায় পানবা অরেন্ধা তাখ্বে ।।
চান্নবা মরুপ-মপিজা, নুংশিরবা ইশু-ইচা
মহোয়না করি তৌহৌদৌরি ।
ঙহাঙা ঙাইরবনি, থুংলবা শোয়দ্রবনি
নোংদম্বগী নোংদম-খৌরি ।।
'ও অহন', লৈহৌবদি য়াররোয়, চৎপদি শোয়ররোয়
মালেম যুম্ফম থাদুনা ।
পূকমেন পাওমিনৌ, মরুপ মপাং ফমিনৌ
কান্নদে লৈরনু নুংবংননা ।।
মালেম কৈথেনসিদা, রাখল পোৎফম মাঙদা
থাদুনা পুঞ্জিং করি চৎলি ।
হরি পোৎফম ফল্লো, পোৎফম অতৈ তোক্কো
হরিবু নত্তনা করি খল্লি ।।

১২ | বাংলাদেশকী মণিপুরী শৈরেং

থোংখাতাবম নবকিশোর শর্মা

থোংখাতাবম নবকিশোর শর্মার জন্ম ১৯০৯ খ্রীষ্টাব্দের অক্টোবর মাসে হবিগঞ্জ জেলার চুনাকুঘাট থানাধীন বিশগাঁও গ্রামে। ১৯৩৭ খ্রীষ্টাব্দে নবদ্বীপ থেকে ব্যাকরণ শাস্ত্রে 'ন্যায়রত্ন' উপাধি পান এবং পরীক্ষায় বিশেষ কৃতিত্ব প্রদর্শনের জন্য নবদ্বীপ বঙ্গবিবুধ জননীসভা কর্তৃক প্রদত্ত 'তরঙ্গিনী পদক' লাভ করেন। ১৯৫৭ থেকে ১৯৭৮ খ্রীষ্টাব্দে কর্মজীবন থেকে অবসর গ্রহণের পূর্ব পর্যন্ত গাজিপুর হাই স্কুলের হেড পণ্ডিতের দায়িত্ব পালন করেন। প্রথম লেখা প্রকাশিত হয় ১৯৩৪ খ্রীষ্টাব্দে মণিপুরের ললিতমঞ্জরী পত্রিকায়। পরবর্তীতে নিয়মিত লিখেছেন ভারত ও বাংলাদেশ থেকে প্রকাশিত বিভিন্ন পত্রিকা ও সাময়িকীতে। নবকিশোর শর্মা মৃত্যুবরণ করেন ১৯৯১ সালে।

এক বৃদ্ধের পরিবেদন

দেখি আমি যত্রতত্র, ডান-বাঁ, দিশি সর্বত্র
ভেবেছিলাম সব আমার।
মোর নহেতো কোনটি, আঃ রয়ে যাবে সব ক'টি
এ কি আশ্চর্য ব্যাপার ॥
দিনে দিনে অবিরত, কেটেছে সময় কত
পেল হ্রাস শক্তি সমুদয়।
স্মৃতিচিহ্ন লুপ্ত প্রায়, এল বিস্মৃতির ছায়
আঁধারে মগ্ন মোর হৃদয় ॥
আমারি প্রখর দৃষ্টি, বস্তু নির্ণয়ে অশক্তি
যা করেছি হলো স্বপ্নতুল্য।
আবার ফিরিবে নারে, হৃদয় ভেঙে যায়রে
কোথায় প্রাণধারীর মূল্য ॥
আত্মীয় বন্ধু-বান্ধব, প্রিয় পুত্র-পৌত্র সব
করবে কি আগামীতে তারা।
আছে মাত্র কিছুক্ষণ, এসে যাবে ততক্ষণ
বিধাতার যে বিধান ধারা ॥
হে বৃদ্ধ পারবে না থেকে যেতে, নিশ্চয়ই যে হবে যেতে
ছেড়ে বাড়িঘর এ-সংসার।
নিয়ে বস বন্ধু সবে, ধর্মালাপ কর তবে
অন্ধ-মূঢ়তা, দ্বিধা-দ্বন্দ্ব ছাড় ॥
এই নশ্বর ধরায় দাঁড়ায়ে, বিষয় পশরা সাজায়ে
বসে তুমি ভাবছ কি একা।
লহরে হরি নাম আজ, ছাড়ি যে অন্য সব কাজ
হরি বিনা সবি মিথ্যে-মরীচিকা ॥ অনুবাদ : কবি নিজে

বাংলাদেশের মণিপুরী কবিতা | ১৩

থরো-থম্বালগী কুম্ভে

শরৎ ঋতুদা লাইজ-পুখীনা ফজরে,
য়েংবগী পেন্দরে, পান্দমিঙাই লৈতরে ।
লাইজথক্তা শিঙেন থরোনা,
অহিং-পুংজাদা শাথলি মকাফনা ।
নোংঙাল্লুকুবদা শিঙেন থরোনা
উইথরক্লে নুমিৎ উনিংদবনা
পাইখরে খোইমুদো মাবু থাদোতুনা
লৈহৌরেদো থরো কাইন-মৈচাক পুদুনা ।
উবদা থরো মাগী মাইথোং-অরাবা
তোর্বানগী হৈপান-লৈপান পুম্বা
থরো মাগী অরা-নুংঙাইতবা ফোঙলি
পিরাং শিষ্টে, অরা-খোঞ্জেন্দা কপি ।
উনাদা থেল্লাবা অহিংগী লিক্কানা
শিহুরি পিগী পিরাং ওইদুনা
অযুক্কী চেক্কাগী যাকায়-খোঞ্জেন্না
কপি শিঙেন থরো মাগীদমক্তা ।
থরো লৈরিক পুবা খোইমুশিংনা
পাইরক্লে শিঙেন থম্বাল তম্মা
অঙনবগী লিরি হুম্বা মালংবনা
য়েবদা থম্বালশিং খাংলি হাইন-হম্মা ।
কাইদোংফম খঙদবনা খোইমুশিংদো
ঙংলদুনা পাইথোক-পাইশিল্লিদো
থম্বাল মহোয়গী মওং-মতৌদি
ওইনা-খমনচাউবী নায়িকাগী মতৌনি ।
অতোপ্পগী রতিচিহ্ন পুবা নায়কতি
নায়িকাশিংনা তাহ্নোকপনি
থরো-থম্বালখোয়গী কুম্ভেসে
য়েংবদা কয়াদা নুঙাইরবনোসে ।

কুমুদ-কমলের লীলা

শরৎ ঋতুতে জলাশয়-শোভা
নিরুপমা এয়ে অপরূপা,
নীরো'পরি নির্মল কুমুদ নিকর,
নিশিতে বিকশিত কিবা মনোহর ।

প্রভাত আগমনে কুমুদ-কুসুম
দিবাকর তেজ ভয়ে যেন যায় ঘুম
কুমুদ ত্যজি গেল তখন ষটপদদল,
রহিল বিরহ বিধুর কুমুদ সকল ।

দেখি' কুমুদের আকুলিত আনন
তীরভূমির যত তরুলতাগণ,
কুমুদকে দেখিয়েছে তার সমবেদন,
অশ্রু ত্যজি করে করুণ ক্রন্দন ।

পত্রে সঞ্চিত রাত্রির শিশিরবিন্দু
বিসর্জন করেছে যেন অশ্রুবিন্দু,
প্রভাতের বিহঙ্গকুলের কুজন,
যেন সমবেদনার দুঃখিত ক্রন্দন ।

কুমুদ-রেণুধর মধুকর দল
তথা হতে পৌছে কাননে-কমল,
প্রভাতে ধীর সমীরণাহত কমলকর,
হেলে দুলে কম্পমান কলেবর ।

ঠাই না পেয়ে অধীর ভ্রমরগণ,
গুঞ্জরিয়ে এদিক-ওদিক করে বিচরণ ।
তদানীং কমলের অবস্থা যেন,
মানিনী রাগিনী নায়িকা হেন;

রতিচিহ্ন দেখি মানিনী রমণীগণ,
নায়ককে বিদূরিত করে যেমন ।
কমল-কুমুদ-ভ্রমরের লীলা,
দেখিতে যেন আনন্দের লহরী খেলা ।

অনুবাদ: কবি নিজে

এ কে শেরাম

বাংলাদেশতা মণিপুরী সাহিত্য চর্চাঙ্গী লময়ানবা কবি এ কে শেরাম খৃষ্টকুম ১৯৫৩গী ফেব্রুয়ারিগী তাং ২৭তা হবিগঞ্জ জেলাগী মনুঙ চনবা বিশর্গাও খুঙ্গদা পোকই। খৃষ্টকুম ১৯৭৫দা রাখল তিন্ণবা সাহিত্যপ্রেমী কয়াগা পূন্না মাগী লুচিংমখাদা লিঞ্জংখি বাংলাদেশকী অহানবা মণিপুরী সাহিত্যগী সংস্থান 'বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ' অমসুং এডিটর ওইদুনা ফোঙখি বাংলাদেশকী অহানবা মণিপুরী সাহিত্যগী চেফোঙ 'দীপান্বিতা'। হৌজিক হৌজিকমক সংস্থান অসিগী প্রেসিডেন্টকী ফম পুবিরি অমসুং দীপান্বিতাদগী মিং হোংদোজুনা ফোঙলবা চেফোঙ 'মৈরা'গী চীফ এডিটর ওইরি। প্রথম দিনের সূর্য, জাতীয় কবিতা পরিষদ, সিলেট অমসুং উদীচী, সিলেটকীসু প্রেসিডেন্ট ওইরি। মণিপুরী অমসুং বাংলা লোনদা মহাক্কী লাইরিক ৮ ফোঙখে। সাহিত্যগীদমক এরাড কয়াদংসু ফংখে। সরকারগী ওইবা ব্যাংক অমগী এক্সিকিউটিভ ওইরমদগী হৌজিক থবক পোখাদুনা লৈরি।

কবিতা 'নুংশিবী' ওইরবদি

মীওইবা পুন্সিদগী তপ্পা তপ্পা পুন্সিনা লাপথোরকুবদা
থরায়দগী অশেংবা থরায়না বিদায় লৌরকুবদা,
ঐখোয়গী মায়কৈ মরিদা
পংলবা থোপ অমসুং পুন্সবা 'ভ্যালুজ'শিংগী নমথিবা মনম
হকচাংগী 'সেল' খুদিংদা
নোংমা নোংমগী রাউথরকুবদা ঐ মরীকশিংগী অরা খোল্লাও,
ঐদি মতমদুদা কবিতা ইরি।

'গ্রীন হাউস এফেক্ট' অমসুং 'ওজোন' সমস্যাগী রাখলদা মালেম'পুন্স
'থার্ড রাল্ড'গী লাইবক থীরবী মমা অমগুন্না ওসিদি মকশিল্লবনি;
রাসায়নিক অমোং-অকায়না থল্লবদা
লৈবগী মতিক চারকত্রে ওসি মহাসমুদ্রগী তম্পাক
সভ্যতাগী অয়াকপা নুংশিত্তা
মীকুপ খুদিংদা অরা-চৈনাখোলনা মুশিল্লি পাক্ল' অতিয়া;
ঐদি অদুনা কবিতা ই।

মরমদি, কবিতাতনা ওম্মি মালেমসিবু মীওইবগী মতিক চাহনবা
শূপ্পা কবিতাতনা ওম্মি মিকপ থোকহনবা মীওইবগী 'নুংদা মীওইববু,
কবিতা 'নুংশিবী' ওইরবদি
পাক্ল মালেম অসে ইরাই লায়না মাগী মখা পোল্লি,
কবিতা 'নুংশিবী' ওইরবদি
মরায় নোন্না খুরম্মি মাৰু থিংঙমদ্রবা অশীবনা ফাউবা;
অদুনা ঐদি কবিতাবু ওইহল্লে ঐগী থম্মোয়-নুংশিবী।

১৬ | বাংলাদেশকী মণিপুরী শৈরেং

এ কে শেরাম

বাংলাদেশে মণিপুরী সাহিত্যচর্চার ক্ষেত্রে পথিকৃৎ কবি এ কে শেরাম-এর জন্ম ১৯৫৩ খ্রীষ্টাব্দের ২৭ ফেব্রুয়ারি হবিগঞ্জ জেলার চুনারুঘাট থানাধীন বিশগাঁও গ্রামে। ১৯৭৫ খ্রীষ্টাব্দে সমমনা সাহিত্যপ্রেমী বন্ধুদের নিয়ে তারই নেতৃত্বে গঠিত হয় বাংলাদেশের প্রথম মণিপুরী সাহিত্য সংগঠন 'বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ' এবং তার সম্পাদনায় প্রকাশিত হয় বাংলাদেশের প্রথম মণিপুরী সাহিত্য সংকলন 'দীপান্বিতা'। বর্তমানে তিনি এই সংগঠনের সভাপতি এবং দীপান্বিতার পরিবর্তিত নামে প্রকাশিত 'মৈরা' সাহিত্য সংকলনের প্রধান সম্পাদকের দায়িত্বও পালন করছেন তিনি। পাশাপাশি সাহিত্য সংগঠন প্রথম দিনের সূর্য, জাতীয় কবিতা পরিষদ, সিলেট এবং উদীচী, সিলেট-এর সভাপতি হিসেবেও দায়িত্ব পালন করছেন। মণিপুরী ও বাংলা ভাষায় তার প্রকাশিত গ্রন্থের সংখ্যা ৮টি। সাহিত্যকর্মের জন্য বেশ কিছু পুরস্কারও পেয়েছেন। একটি সরকারী ব্যাংকের নির্বাহী হিসেবে দায়িত্ব পালনের পর এখন অবসর জীবন যাপন করছেন।

কবিতা 'প্রিয়' হলে

জীবন যখন ক্রমশ জীবন থেকে সরে সরে যাচ্ছে
প্রাণ থেকে কেবলই বিদায় নিচ্ছে প্রাণময়তা,
আমাদের চারিদিকে যখন
ক্ষয়িত মগজ আর গলিত মূল্যবোধের পূতিগন্ধ,
দেহের প্রতিটি কোষে কোষে
ক্রমশ ধুসর হয়ে যাওয়া রক্তকণিকার মরণ আর্তনাদ;
আমি তখন কবিতা লিখছি।

'গ্রীন হাউজ এফেক্ট' আর 'ওজোন' সমস্যা নিয়ে সারা বিশ্ব আজ
তৃতীয় বিশ্বের কোনো অসহায়া রমণীর মতো ম্রিয়মানা,
রাসায়নিক বর্জ্যে ক্রমশ
বসবাস-অযোগ্য হয়ে উঠছে মহাজলধির বুক,
সভ্যতার বিষাক্ত নিঃশ্বাসে
প্রতি মুহূর্তে বেদনায় পাংশু-নীল হচ্ছে নিঃসীম আকাশ;
আমি তাই কবিতা লিখি।

কারণ, কবিতা'ই পারে পৃথিবীকে মানুষের বাসযোগ্য করে তুলতে
কেবল কবিতা'ই পারে জাগিয়ে তুলতে মানুষের ভেতর 'মানুষ'কে,
কবিতা 'প্রিয়' হলে
এ-বিশাল বিশ্ব অনায়াসে হয়ে যায় তার করতলগত,
কবিতা 'প্রিয়' হলে

থম্মোয়গী ওইরবা লান অমা

নত্রে, অতৈ লান অমুক নত্রে ।
মথং মথং থোকখিবা লাঞ্জাও অনীগী
শাখীরবা মাঙ-তাকপগী মতুঙদা
মালেম'সিগী মাইকৈ মাইকৈদা শন্দোজুনা লৈরিবা
লানগী 'শান্ন-কুম্মৈ' কয়াদং উরুবগী 'তুংদা
নিউক্লিয়ার খুংলাইগী
পান্দমিঙাই লৈত্রবা মীহাৎ-পাঙ্গলবু শক খংঙুবা 'তুংদা
করম হায়না ঐখোয়না অমুক লানবু পাম্মুগনি ।
লানগীদমজা অদুনা লৈরবনি ঐখোয়গী শাখীরবা তুঙ্কৎচবা,
লানগী মায়োজা অপুনবা কোরাসতনা
ওইরবনি ঐখোয়গী থম্মোয়-ঈশৈ ।
অদুমজুদা অরোয়বা ওইনা লান অমত্তংদি পাম্মি ঐ
-থম্মোয়গী ওইরবা লান অমা ।
খঙঙি, লান হায়বদুদি কৈদৌঙেসু থম্মোয়গী ওইবা যাদে
-লান হায়বদুদি থম্মোয় পান্দবশিংগীনি ।
অদুম্মক ওইদুনসু-ঐদি লান অমত্তং পাম্মি
অরোয়বা লান, থম্মোয়গী ওইবা লান অমা ।
অদুগা, হায়রিবা তাবদা ওন্নতৈনবা খৌদোক অসিবু
তশেংনমক্কী অচুম্বা ওইহনবগীদমজনি
ঐগী পুন্সি'সিমগী লেপ্লাইদ্রবা হোৎনবা ।
ঐগী থম্মোয়গী লালহৌসিগীদমক সেনাপতিগী মথৌ তাদে
-মথৌ তাদে নিংখৌগীসু ।
হন্দক্কী লান অসিদি ঐখোয়গীনি-কবি ময়ামগী
শিল্লী ময়ামগী অমসুং মীওইবগী রাখল চেনবা
শান্তি পাম্বা মীওই পুন্সিমক্কী-
শান্তিগী য়েক্লবশিংগী মায়োজা ।
অদুনা ঐনা পোখাদনা শেমদুনা চৎলি
কবিতা লাম্বা কয়গী ইচং খৌরবা লান্নী কয়াদং-
মখোয়শিংগী মখুৎতা শিল্লগনি ঐনা
মপুঙফারবা রাইগী পাঙ্গল চাউরবা খুংলাই কয়াদং ।
নিউক্লিয়ার খুংলাইগী ময়াইনা নাপল চাউরিবা
তমথিরবা মীওইশিংনদি খঙদেদো
নিউক্লিয়ার খুংলাইগী মপাঙ্গল কয়াদা পিক্ৰিবা!

আভূমি নত হয়ে কুর্গিশ করে তারে অনিবার্য মৃত্যুও;
আমি তাই কবিতাকে করেছি একান্ত প্রেমিকা আমার ।

অনুবাদ: কবি নিজে

একটি মানবিক যুদ্ধ চাই

না, আর যুদ্ধ নয় ।
দু'দু'টো বিশ্বযুদ্ধের ভয়াল ব্যাপক ধ্বংসযজ্ঞের পর
পৃথিবীর আনাচে-কানাচে ইতস্তত বিক্ষিপ্ত
যুদ্ধ-যুদ্ধ খেলা প্রত্যক্ষ করার পর,
পারমাণবিক মারণাস্ত্রের
অমেয় মারণক্ষমতা সম্যক জ্ঞাত হওয়ার পর,
আর তো আমরা কোনোক্রমেই যুদ্ধকে কামনা করতে পারি না
যুদ্ধের জন্যে আমাদের তাই প্রচণ্ড ঘৃণা
যুদ্ধের বিরুদ্ধে এক সম্মিলিত কোরাসই
আজ আমাদের হৃদয়-সঙ্গীত ।
তবু শেষবারের মতোই একটি যুদ্ধ চাই,
একটি মানবিক যুদ্ধ । জানি, যুদ্ধতো কোনো মানবিক ঘটনা নয়
বরং যুদ্ধ মানবিকতার বিরুদ্ধেই ।
তবু হ্যাঁ, আমি চাই একটি মানবিক যুদ্ধই ।
আর এই আপাত-বৈপরীত্যের ঘটনাটিকে বাস্তব করে তোলার জন্যেই
আজীবন সাধনা আমার ।
আমার এই মানবিক যুদ্ধে কোনো সমরনায়কের প্রয়োজন নেই
প্রয়োজন নেই কোনো রাষ্ট্রনায়কেরও ।
এ-যুদ্ধ হবে আমাদের-সমস্ত কবিদের,
সমস্ত শিল্পীদের, মানবিক চেতনায় সমৃদ্ধ
শান্তিকামী সব মানুষের-
শান্তির শত্রুদের বিরুদ্ধে ।
আমি তাই ক্লাস্তিহীন রচনা করে চলেছি
লাখো কবিতার শব্দসৈনিক-
যাদের হাতে তুলে দেবো আমি
সম্পন্ন শব্দের পুষ্পিত অস্ত্র-শব্দের শব্দভেদী বাণ ।
পারমাণবিক দস্তে যারা মদমত্ত-তারাতো জানে না

মখোয়দি থরায় পানবা জীবশিংবুতনি হাৎপা ঙ্মিবা
 -মাঙহনবা ঙ্মিবা মীওইবগী থরায় পান্দ্রবা হকচাংতা ।
 অদুগা ঐগী রাইগী 'শব্দভেদী' খুংলাইশিংসিদি
 মাঙ-তাক্লাইদ্রবা থরায়বু-মীওইবগী রাখলবুনি
 খুদজ্ঞা নমহৎপা ঙ্মিবা ।
 মীৎকী মিকুপ'মদা য়েকুববুসু ওইহনবা ঙ্মি মরুপ ।
 অমসুং মদুম হায়না য়েকুবগী মায়োজ্ঞা
 য়ান্না য়াঙনা হেনগৎকনি ঐগী মিচং,
 অদুননি হায়রিবা-
 মাঙ-তাকহনবগীদমজ্ঞা নত্তে,
 অনৌবা শেমগৎপগী মীৎয়েংদগী হন্দক্তি ঐনা পামজৈ
 পুন্সিগী অরোইবা লান-থম্মোয়গী ওইবা লান অমা ।

ম্যাজিক

শহরদা লাক্লে অনৌবা ম্যাজিশিয়ান অমা,
 মা-না ঐখোয়বু ম্যাজিক য়েংহনগনি ।

মাগী অঙকপা খুংখৎ'মদা
 অঙৌবা রুমাল মীকৃপ্তা ওনখি অঙৌবা খুন্
 অহাংবা টিন পীক থনখি মুড়ি-খোইদুমতনা ।
 মাগী যাদু হৈরবা অঙকপা খুংশাদুনা হেক শোকপদা
 ফুরিৎকী খুদাংদগী থোরকই হৌদোংমচা-থেব অঙৌবা,
 অমুক মীৎকী মীকৃপ'মদা মাঙখি
 মন্ত্ৰহৈবী 'সার্সী'গী শুম্ফৎঙম্বা মায়াগুম ।
 মাগী যাদুগী চৈ অদুনা শোকপগা
 খুদজ্ঞা মশক ওনখি পোৎ খুদিংমক্কী;
 স্পেডকী টেক্কা ওইখি ডাইমোন্দগী বিবি
 ক্লাব্‌সকী গোলামনা মীকৃপ্তা হাট্‌সকী সাহেব ।

অদুবু ঐদি মসিগী ম্যাজিক অসি য়েংজনিংদে ।
 নুমিৎ খুদিংগী মহাকালগী ম্যাজিশিয়াননা উৎপা
 অঙক-অঙকপা মওং-মতৌ, কুম্মৈ কয়াদং
 য়েংলি য়েংলিঙৈদা চোকথরবনি ঐদি;
 ঐদি মাগী অনৌ-অনৌবা খুংখৎ কয়াদা মতম'পুম্বদা উরি-

পারমাণবিক অস্ত্রের শক্তি কতো সীমিত!
তারা কেবল প্রাণী হত্যা করতে পারে
ধ্বংস করতে পারে মানুষের নশ্বর দেহ।
কিন্তু আমার সম্পন্ন শব্দের শব্দভেদী বাণ
অবিনশ্বর আত্মাকেই-মানুষের হৃদয়কেই
মুহূর্তে পরাভূত করতে পারে
নিমেষ-ক্ষিপ্ততায় শত্রুকে পরিণত করতে পারে সপক্ষ শক্তিতে।
আর এমনি করেই শত্রুর মোকাবেলায় বেড়ে যাবে
সপক্ষ শক্তির সংখ্যা জ্যামিতিক হারে।
আর তাই বলি-
ধ্বংস নয়, সৃষ্টির জন্যেই এবারে চাই শেষ যুদ্ধ,
একটি মানবিক যুদ্ধ।

অনুবাদ: কবি নিজে

ম্যাজিক

শহরে এসেছে এক নতুন ম্যাজিশিয়ান,
সে আমাদের ম্যাজিক দেখাবে।
তার হাতের নিটোল মুদ্রায়
সাদা রুমাল হয়ে যায় অনায়াসে শান্তির শ্বেত কপোত,
খালি টিন মুহূর্তে ভরে যায় মুড়ি আর মুড়িকিতে;
তার যাদুময় মোহন অঙ্গুলি স্পর্শে
শার্টের আঙ্গিন থেকে বেরিয়ে পড়ে বেড়ালছানা-খরগোশ;
আবার নিমেষেই তা হারিয়ে যায়
মায়াবিনী 'সার্সী'র আশ্চর্য ভোজবাজির মতো।
তার যাদুর কাঠির সামান্য স্পর্শেই
সম্পূর্ণ ভোল পাল্টে যায় যে কোনো জিনিসের;
ইস্কাপনের টেকা হয়ে যায় রুহিতনের বিবি
চিরতনের গোলাম মুহূর্তে হরতনের সাহেব।

কিন্তু আমি তো এ-ম্যাজিক দেখতে চাই না।
আশ্চর্য কালের অলৌকিক ম্যাজিশিয়ানের
অদ্ভুত সব যাদুময় কলাকৌশল দেখে দেখে ক্লান্ত আমি,
আমি তো তার হাতের নিটোল মুদ্রায় প্রতিনিয়তই দেখি

করম হায়না করি করিগুম্বদা 'মৈরীকপীদগী মৈজাউবী' ওইখি
 * 'রাজাকার'না দেশপ্রেমিক
 অদুগা নীংতম লান্নীবুনা ওইহনখি দেশদ্রোহী!
 ঐদি গুন্না মীৎকুগুমখে য়েংখি
 মতমগী অঙকপা খুবাম মনুঙদা
 করম হায়না খজিঙং কান্নবা ফংবগীদমক্তা
 ঐখোয়গী মী-শিং'সিনা
 নিংঙাইদনা বন্ধান থম্মি মশা মশাগী থোপ-থম্মোয়বুসু ।
 ঐদি অতোপ্পা ম্যাজিক অমা পাম্মি,
 মীওইববু অশেংবা মীওইবা ওইহনবা গুম্বা
 মীওইবগী থোপতা-থম্মোয়দা
 মাঙখ্ববা রাখলশিং অমুক হঞ্জিলহল্লকপা গুম্বা ম্যাজিক অমা ।
 ঐ ম্যাজিক য়েংজগে,
 য়েংহনবিয়ু ঐবু
 অমাংবা-অমোৎপা পুন্মকপু মাঙহনখিদুনা
 মীওইবগী মনুঙদা লৈবা 'মীওইব'দুবু নৌনা মীকপ থোকহনবা গুম্বা
 অদুগুম্বা ম্যাজিক'মতং ।

* রাজাকার- খৃষ্টকুম ১৯৭১দা থোকখিবা বাংলাদেশকী নীংতম লানদা নীংতম লান্নীশিংগী মায়োক্তা
 পাকিস্তানী আর্মিশিংগা খুং শম্মদুনা লান যাউখিবা বাঙালি লান্নীশিং ।

লোনগী অরাবা

ঐনা রা গাংঙি ঐগী ইরনায় লোনদা ।
 কনামত্তনা খঙবীদে লোন অদো
 কনানসু তাবীদে ঐগী থম্মোয়নুংগী মীকপ-মীরাওখোল
 কনানসু খঙদে ঐগী অরাবগী অরোনবা রারী-শিংবুন ।
 অদুনা মালেমসিগী মীয়ামলক্তা লৈদুনসু ঐদি ইথত্তনি ইথত্তা ।

ঐদি মী ময়াম্মগী মরোল খঙঙি ।
 মখোয়গী মায়-মীৎ, হকচাংগী কায়াৎ খুদিংনা
 গাংলিবা লোন
 মদু পুন্মক ঐদি নিংখিনা খঙঙি;
 খঙঙি, মখোয়না করিনো পাম্মিবা ঐঙোন্দগী,
 করম্বা পাউজেলনো মখোয়না শন্দোক্লিংলিবা

কীভাবে আঙুল ফুলে কলাগাছ হয়
রাজাকার হয়ে যায় দেশপ্রেমিক
আর মুক্তিযোদ্ধারা দেশদ্রোহী!
আমি বিস্ময়-বিমুগ্ধতায় দেখি
কালের যাদুময় করতলে
কী করে অবলীলায় মস্তক বন্ধক দেয় আমাদের মানুষগুলো
বাহ্যিক প্রাপ্তির সামান্যতম প্রত্যাশার কাছে ।

আমি এমন একটি ম্যাজিক চাই
যে-ম্যাজিক মানুষকে প্রকৃত 'মানুষ' বানাবে
মানুষকে ফিরিয়ে দেবে তার হারিয়ে যাওয়া বোধশক্তি,
আমাকে এমন একটি ম্যাজিক দেখাও
যা অনাকাঙ্ক্ষিত সমস্ত কিছুকেই আমূল বদলে দেবে
যা মানুষের ভেতর জাগিয়ে দেবে আসল 'মানুষ'কে ।

অনুবাদ: কবি নিজে

ভাষা

আমি কথা বলি আমার নিজস্ব ভাষায় ।
কিন্তু সে ভাষা বোঝে না কেউ
কেউ শোনে না আমার হৃদয়ের অনন্ত ক্রন্দন
কেউ জানে না আমার বেদনার নিগূঢ় কাহিনী ।
পৃথিবীর এই জনারণ্যে থেকেও তাই আমি বড়ো একা-একাকী ।

আমিতো অনেকের ভাষা বুঝি ।
তাদের চোখ-মুখ, শরীরের প্রতি অঙ্গ-প্রত্যঙ্গ
যে ভাষায় কথা বলে
আমি তার প্রায় সবটুকুই বুঝি;
বুঝি তারা কী চায় আমার কাছে,
কী বাণী তারা পৌঁছে দিতে চায় আমার বোধের আকাশে
আমার চেতনার অলিন্দে অলিন্দে কী বার্তা ছড়িয়ে দিতে চায়
-সব বুঝি ।

আমার ভাষা কেবল অবোধ্য থেকে যায় তাদের কাছে ।
এমনকি যে নারী

ঐগী থোপতা-থম্মোয়দা, রাখলগী কাচিন কোয়া খুদিংদা
-লোইনা খঙ্ডি ঐ ।

ঐগী লোনতনি মখোয়না খঙবীদ্রিবা ।

অরাবদি

ঐগী মীচিক-মীরাওখোল তাদ্রবা পুঙ্গি অতিয়াসিদা

অহানবা ওইনা খোঞ্জেল ফাউহনবিখিবা নুপী,

খজিক্তং শোক্কপদা মানা

ঐগী রাখলগী সমুদ্রদা

মখোল থোক্তবগী অকনবা ঈরাউখোল'মনা তনিকহল্লিবা,

অদুগী নুপী'দুনাফাউবা ঐগী লোন খঙবীদ্রে হৌজিক ।

অদুদি, ঐবু অসুম হাইনা খরা খরা তৌদুনা

মাঙখিগদৌরব'সুম লোন থোক্তবগী মপাল নাইদ্রবা 'ব্ল্যাকহোল'মদা ।

মীওইবা

মীওইবনা রাংখল্লকুবদি

নেমথরকই অতিয়া ।

নঙনা রাংনা নখুং থাঙ্গল্লকুবদি, হে মীওইবা,

অতিয়াগী থাজ অমসুং থরানমিচাক ওস্তোইগনি লৈমাইথক্তা ।

অতৈ কয়ানিনো নঙনা কোক নোনখিগদবা

কয়ানিনো থীকনেমদুনা লৈখিগদবা?

নঙ রাংঙো-শাংঙো, হে মীওইবা;

অদু ওইরগতা নঙনা অতিয়াবু ফংগনি খুবাম মনুঙদা ।

আমার নৈঃশব্দ্যের ক্ষীরোদসাগরে প্রথম ধ্বনির জন্ম দিয়েছে
যার সামান্য স্পর্শ
আমার শিরায় শিরায়-প্রতি রক্তপ্রবাহে সৃষ্টি করে
শব্দহীনতার সুতীব্র শব্দের এক সর্বগ্রাসী সুনামি-গর্জন,
সেও বোঝে না আমার ভাষা ।

তবে কি আমি এভাবেই
শেষাবধি হারিয়ে যাবো ভাষাহীনতার এক কৃষ্ণবিবরে?

অনুবাদ: কবি নিজে

মানুষ

মানুষ যখন উঁচু হয়
আকাশ তখন নীচে নেমে আসে ।
তুমি উর্ধ্বমুখী হলে, হে মানুষ,
আকাশের চাঁদ ও তারা গড়াগড়ি খাবে মাটি ও ঘাসে ।

আর কতো নতজানু হবে তুমি
আর কতো বামন হবে?
তুমি উঁচু হও-দীর্ঘ হও, হে মানুষ;
আকাশকে তখন তুমি দু'হাতে ছোঁবে ।

অনুবাদ : কবি নিজে

খোইরোম ইন্দ্রজিৎ

খোইরোম ইন্দ্রজিত খৃষ্টকুম ১৯৫৫গী জানুয়ারিগী তাং ১দা মৌলভীবাজার জেলাগী কমলগঞ্জ উপজেলাগী মনুঙ চনবা ভানুবিল খুঙ্গদা পোকই। বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ লিঙ্কডইনগী য়ান্না থরায় যাওনা শরুক য়ারক্কাবা মীওইনি। বাংলাদেশকী মণিপুরী শৈরেংগী জগৎতা অতোপ্লা খোছোক অমা ওইনা চোংথোরকপা কবি অসি হৌজিক হৌজিক বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী কমলগঞ্জ মশা ফুরুপকী সভাপতিগী ফম পুবিরি। কমলগঞ্জ মশা ফুরুপনা ফোঙবা 'ইপোম' কৌবা সাহিত্য চেফোঙগী প্রধান সম্পাদককী থৌসু পুবিরি। মহাকী মণিপুরী লোনগী শৈরেং লাইরিক অমা অমসুং রাংগী লাইরিক অমা ফোঙখ্রে। মহাক সরকারী ব্যাংক অমদা ফম্মাইবা ওইনা থবক তৌরি।

চয়েৎনরবা পুঙ্গিগী শৈরেং

লুহোংবগী বার্তোন চে'দুদা অসুমা ইরি
চৎনবী পোৎয়েংগী মল্ৎতা
নুঙায় য়াইফবা নিবিবনা হেন্না পামজৈ।
ইজৈ হায়বদু'মঙায়
য়েংবদা কুম্মৈ, মী'ঙাক নত্রি, পোৎয়েং,
নত্রি অদুতসু,
পিনরি
মপা-মপুগী পুরেন পারেনগুম্মা
মমিং মথা পিখৎনরি।

বার্তোন চে'দা ইরম্মা লোনশিংদুদি
শূপ্পগী মতূ উৎপগী ম্যাজিকনি
লুহোংবদা চঙখিবা শেন হঞ্জিন্নবা উপায়'মনি।

মমুৎ তারবা পুঙ্গিগী শৈরেং
মখোয়গী চৎনবী হোৎনবদা
অদুম চয়েৎনখি।

খোইরোম ইন্দ্রজিৎ

খোইরোম ইন্দ্রজিতের জন্ম ১৯৫৫ খ্রীষ্টাব্দের ১ জানুয়ারি মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার অন্তর্গত ভানুবিলা গ্রামে। বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদের জন্মলগ্ন থেকেই এই সংগঠনের সাথে সক্রিয়ভাবে যুক্ত আছেন। বাংলাদেশের মণিপুরী কবিতার ধারায় এক স্বতন্ত্র কণ্ঠস্বর হিসেবে আবির্ভূত এই কবি বর্তমানে বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ কমলগঞ্জ শাখার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। কমলগঞ্জ শাখা সংসদের মুখপত্র হিসেবে প্রকাশিত সাহিত্যপত্র 'ইপোম'-এর প্রধান সম্পাদকের দায়িত্বও পালন করছেন তিনি। মণিপুরী ভাষায় তার একটি কাব্যগ্রন্থ ও একটি গদ্যগ্রন্থ প্রকাশিত হয়েছে। তিনি বর্তমানে একটি সরকারী ব্যাংকের কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন।

বিড়ম্বিত জীবনের কবিতা

বিয়ের নিমন্ত্রণপত্রে
এরকম লেখা ছিলো-
লৌকিকতার পরিবর্তে
আশীর্বাদ প্রার্থনীয়।
সে শুধুই লেখা-
বাস্তবে প্রদর্শনী-মানুষের উপস্থিতিই নয়,
শুধু উপহারসামগ্রী আর উপহারসামগ্রী।
উপহারসামগ্রীর সম্মুখভাগে
দাতার নাম সযত্নে লেখা বংশপরিচয়সহ
যেন, বর কনের স্মরণে
পিণ্ডদান করছেন।
আসলে ব্যাপারটা আনুষ্ঠানিকতার ছত্রছায়ায়
বধূ প্রদর্শনের ম্যাজিক মাত্র।
আরেকটু খোলাসা করে বলি-
বউ দেখিয়ে
বিয়ের অনুষ্ঠানের যাবতীয় খরচ ওঠানোর
বিকল্প প্রচেষ্টা।
জীবনের কাছাকাছি রুঢ় বাস্তবে
প্রচলিত রেওয়াজের আবর্তে
আবর্তিত আমরা প্রতিনিয়তই,
প্রতিক্ষণেই।

অনুবাদ: কবি নিজে

নুংশিবগী মকত্রবা খুদম

চাকথুঙ ফিদুংদবা, চদৎনবা অঙাং অদুনা
মমাগী খোম্লাং ফৎদনা রাহু-রাহুদুনা
কপ্পদু উরুরগা
হান্নগুম মীনুংশি চেন্দ্রবা ঐগী কংলবা থম্মোয়দা
থুক লাউরকথি ।

নুংশি-নুংওনগী লম্পাক্তা
নঙ-ঐ মপোক অসিমগী থুংনসিকো হায়না
খুদোলপোং পিনখিবা
চহী অনৌবা লাকপা খুদিংগী
নঙ-ঐগী পুঙ্গিদা নুঙায়-য়াইফবা পুরকপা ওইসনু ।
ঈশিং-নুংশিৎনা সাক্কী ওইসনু
কয়ারক থাং চিক্কখিবা
পুম্মক ওইথোক্তবনি-নমথাকনি
চীনখিবশিংগী পাউতাকনি
খক থাজরুগনু ।

অচুম্বদি —

মমাগী মথাদা খোম্লাং ফৎদনা রাহুদুনা কপ্পিবা অঙাং —
খোম্লাং যাউদ্রবা খোমজিন ইন্দুনা মচাবু নমথাক তৌরিবসি —
অচুম্বনি-মক্ত্রবা নুংশিবগী খুদম্মি ।

হিংনিংবা

চুম্মী হায়নরিবা পুম্মক চুমদবদগীনি
অঙানবা শরুকনি হায়নরিবদুসু অমম্বদগীনি
শিবা-নাবা হায়ব'মা খন্নরিবদুসু হিংঙুবদগীনি
অদুনা
থুকৎলুবা পুম্মক মাঙখিরম্মি
হিংবদি মচু তানা হিংনিংলম্মি ।

প্রেমের অক্ষয় প্রতীক

না-অন্ন না-বস্ত্র ক্ষুধার্ত শিশুটির
মাতৃদুগ্ধহীনতায় অবসন্ন আর ক্ষীণকণ্ঠ
কান্না শুনে শুনে
ভালোবাসার নহর শুকিয়ে যাওয়া আমার উষর হৃদয়েও
হঠাৎ বুঝি ছলকে ওঠে এক বিন্দু ভালোবাসা ।

প্রেমের স্বপ্নিল জগতে-

এ-জীবনে তোমার-আমার মিলন হবে
এমনি প্রত্যাশায় বিনিময় করেছি কতো প্রেম-উপহার,
প্রতিটি নববর্ষে
কামনা করেছি দু'জনের পরিপূর্ণ ভবিষ্যৎ ।
আকাশ-বাতাসকে সাক্ষী রেখে
তীক্ষ্ণধার অস্ত্র দাঁতে ছুঁয়ে
নির্দিধায় উচ্চারণ করেছি শপথের কতো শব্দাবলী;
সে-সব আসলে মিথ্যা-ছলনা
এক স্বপ্নময় প্রতারণা-
কখনো বিশ্বাস স্থাপন করোনা এতে ।

সত্য হলো-মাতৃক্রোড়ে ক্ষুধার্ত শিশুর এই করুণ কান্না
দুগ্ধশূন্য স্তনবৃত্ত মুখে দিয়ে কান্না থামানোর মায়ের এই ব্যর্থ প্রয়াস,
এটাই রুঢ় সত্য-নিষ্কলুষ প্রেমেরই প্রতীক ।

অনুবাদ: এ কে শেরাম

বেঁচে থাকার আকুলতা

যা কিছু সত্য তা মিথ্যার কারণেই
আলোকিত মানেও অন্ধকারের বিপরীত
রোগ-ব্যাদি-মৃত্যুর চিন্তা সবকিছু জীবনেরই অনুষ্ঙ্গ ।
তাই
এখন আর কোনো আতঙ্ক নেই, নেই ব্যাকুলতা
আছে শুধু ভালোভাবে বেঁচে থাকার আকুলতা ।

অনুবাদ: কবি নিজে

অকোয়বগী অকোয়বদা

অকোয়ববু চেপথহনবা গুম্বা তানবা থেংনৈ
মখোয়দি অকোয়বদগী থোক্কা কোয়নবা হোংনৈ
অচুম্ববু করিনো থিনবদা মপুম থিৎনৈ ।

অকোয়ববু হঞ্জিনা কোয়দুনা লৈশিন্নতা লৈখ্বা
লৈথোকফম হন্দোকফমগী পাম্বে থিবা থোকত্রবা
থনুংদা ওমচারুনা হোৎনজবদা মপুম থিৎচরবা ।

অকোয়বগী লম্পাক তমখ্বা খোঙচৎনা
পস্থুংফম ফংগনি তানরিবা মখোয়না
হন্দোক-হঞ্জিন অকা-অকুম
থোরকফম খঙদনা তিৎথোকচবা পাম্বোম
হকচাংগী কয়াৎনুংদা চেৎনা-চান্না লোৎখি তরাম তরাম ।

অকোয়বগী অকোয়বদা হৌরকফম থিরি
মাক্কা মাক্কা থোকপা লংলা লংজিন পুথোকুরি
থিরি পুথোকুরি ।

অকোয়বগী অকোয়বদা
হৌরকফমদা, মউদা-মচিদা ।

বৃত্তের বাইরে বৃত্ত

বৃত্তের বলয়কে ভেদ করার প্রাণান্তকর চেষ্টা তাদের
মহাব্যস্ত তারা ভিন্নমাত্রার বৃত্ত তৈরীতে
অনুপম সত্যকে খুঁজে নিতে তটস্থ তারা ।

বৃত্তের ভেতরেই ঘুরে ঘুরে বারেবারে বৃত্তে ফিরে আসা
বৃত্তের পরিধি ভেদ করার উপায় না পেয়ে তাদের হতাশা
ব্যর্থতায় যেন মুখ খুবড়ে পড়ে সব আশা ।

বৃত্তের প্রশস্ততার পানে হেঁটে হেঁটে
গন্তব্যের কাছাকাছি পৌঁছার তাগিদ তাদের,
কিন্তু বারংবার ফিরে ফিরে আসে একই স্থানে;
বেরুবার পথ না পেয়ে প্রসারিত হাতগুলো
আবার অনায়াসে লুকিয়ে যায় নিজেরই শরীরের ভাঁজে ।

অতঃপর বৃত্তের পরিধিতেই খোঁজে বৃত্তের উৎসমুখ
চলে চুলচেরা বিশ্লেষণ আর গভীরতর গবেষণা
চলে ব্যাখ্যা আর বিবৃতির ইস্তেহার ।

বৃত্তের ভেতরের বৃত্তে
তার পরিসীমায়, উৎসের ঠিকানায় ।

অনুবাদ: কবি নিজে

কারাম নীলবাবু

১৮৬৫ শকাব্দগী হিয়াসৈ থাদা হবিগঞ্জ জেলাগী চুনাকুঘাট উপজেলাগী মনুঙ চনবা বিশগাঁওদা পোকই। মরু ওইনা রোমান্টিক রেঞ্জকী মনুঙ চনবা কবি কারাম নীলবাবু বাংলাদেশকী নীতম লানগী ইচংথৌরবা লান্গী অমনি। লান মতুঙদা মুক্তিযোদ্ধা সংসদকী ইউনিয়ন কমাণ্ডারগী থৌ পুবিরম্মি। লাইরিক-লাইশু তমদা থোইনা খুমাঙ চাউশিনবা গুমহৌদ্রবসু কবি অসিগী শৈরেংদা আধুনিকতাগী মমি চপচানা তাবা থেংনে। বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী বিশগাঁও মশা ফুরুপ লিঙ্কথৈদগী মতম কুইনা সেক্রেটারী অমসুং কোন্না সভাপতিগী ফমসু পুবিরম্মি। 'অনৌবা মঙাল' কৌবা সাহিত্য চেফোঙ অমা সম্পাদনাসু তৌবিরম্মি। খৃষ্টকুম ২০০৬গী ১৭ মে-দা কবি অসি খঙহৌদনা নোসাখি।

বাংলাগী সন্তাননি, মৈতৈ চনুনা পোকপনি

থরান থাগী ফুদ্রিং ফূনা চুখবা নোং
বাংলাগী অতিয়াদা তরানি পানবগী থাজনা তরং তরং থোকপদো,
য়েংঙিমথে পেনবা নাইদে-উরিমথে লোইবা নাইদে।
পুক্ৰিং হুনা পুবিখি
থরায়-হকচাং অনীবু নুংশি নাক যৌহনখি;
নোংঙালুমদায়দা তারমদাইগী থাজ মঙালদা
থরায়না ইরোয়দুনা শান্নজবা
পদ্মা-মেঘনা-যমুনাদা ইরোয়দুনা মীকুণ্ডা যৌরম্মি
রাখলদা গাউরম্মি-নুংগাই ঈপাক্তা তাউরম্মি,
চেস্থরম্মি ঈচেল মতুঙ ইন্না
শান্নজরম্মি ঈপোম'থক্তা,
পদ্মা-মেঘনা-যমুনাগী ঈশিংনা শিংলি খুদিংদা চেল্লি।
ঐদি বাংলাদেশকী মণিপুরীনি
বাংলাগী লৈবাক্তা শাবা সন্তাননি।
চহী চহম মমাঙগী বারী লৈরিবা
লু কাইদুনা চাক চানবা শাবী-শানৌ
য়াউশং থা লাক্তুগা খাবল চোংবদা ইচং-খৌ,
লিনরি শোল্লরি লৈবুং বারী ওইনা।
খুল তিন্লরি চিবোন-চিবোন ফম্মা
কাং মতম যৌরগা 'পালি' পুনবা রায়েল্লি
বসন্ত লাক্তুগা কোকিলনা খোংলগা জগোই কৎকে থৌরাংলি।
অসিমতদি কাউথোক্তুনা ওইরবসু কাউবিনু-
নশানা নশাবু খংঙু,

৩২ | বাংলাদেশকী মণিপুরী শৈরেং

কারাম নীলবাবু

জন্ম ১৮৬৫ শকাব্দের মাঘ মাসে হবিগঞ্জ জেলার চুনাকুড়া উপজেলাধীন বিশগাঁও গ্রামে। মূলত রোমান্টিক ধারার কবি কারাম নীলবাবু বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের এক সাহসী সৈনিক। যুদ্ধান্তর বাংলাদেশে তিনি মুক্তিযোদ্ধা সংসদ-এর ইউনিয়ন কমান্ডারের দায়িত্ব পালন করেন। লেখাপড়ার ক্ষেত্রে খুব বেশী অগ্রসর হতে না পারলেও এই কবির কবিতায় আমরা আধুনিক চেতনার এক সুস্পষ্ট প্রতিফলন লক্ষ্য করি। বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদের বিশগাঁও শাখা গঠনের পর তিনি দীর্ঘদিন ধরে সাধারণ সম্পাদক এবং পরে সভাপতির দায়িত্ব পালন করেন। 'অনৌবা মঙাল' নামের এক সাহিত্য সাময়িকীও সম্পাদনা করেছেন তিনি। ২০০৬ সালের ১৭ মে কবি কারাম নীলবাবু আকস্মিকভাবে মৃত্যুবরণ করেন।

